

# **া** সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১৪৭৫

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩৫৭. কুরআন সাত হরফে অবতীর্ণ হওয়া সম্পর্কে

باب أُنْزِلَ الْقُرْآنُ عَلَى سَبْعَةِ أَحْرُفٍ

### আরবী

حَدَّثَنَا الْقَعْنَبِيُّ، عَنْ مَالِكِ، عَنِ ابْنِ شِهَاب، عَنْ عُرْوَةَ بْنِ الزَّبَيْرِ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ عَبْدِ الْقَارِيِّ، قَالَ: سَمِعْتُ عُمَرَ بْنَ الْخَطَّاب، يَقُولُ: سَمِعْتُ هِشَامَ بْنَ حَكِيمِ بْنِ حِزَامٍ، يَقُرأُ سُورَةَ الْفُرْقَانِ عَلَى غَيْرِ مَا أَقْرَوُهُا، وَكَانَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم أَقْرَأُ بِيهَا، فَكِدْتُ أَنْ أَعْجَلَ عَلَيْهِ ثُمَّ أَمْهَلْتُهُ حَتَّى انْصَرَفَ ثُمَّ لَبَّبْتُهُ بِرِدَائِهِ، فَجِئْتُ بِهِ رَسُولُ أَللهِ صلى الله عليه وسلم قُقُلْتُ : يَا رَسُولُ اللهِ إِنِّي سَمِعْتُ هَذَا يَقْرَأُ سُورَةَ الْفُرْقَانِ عَلَى غَيْرِ مَا أَقْرَأُ تَنِيهَا . فَقَالَ لَهُ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم " اقْرأُ " . فَقَرأُ الْقِرَاءَةَ لَلَيْ سَمِعْتُهُ يَقْرَأُ فَقَالَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم " هَكَذَا أُنْزِلَتْ". ثُمَّ قَالَ لِي "اقْرَأْ ". فَقَرأُ الْقُرْآنَ أُنْزِلَتْ". ثُمَّ قَالَ لِي "اقْرأُ ". فَقَرأُ اللهِ صلى الله عليه وسلم "هَكَذَا أُنْزِلَتْ". ثُمَّ قَالَ لِي "اقْرأُ ". فَقَرأُ الْقُرْآنَ أُنْزِلَ عَلَى سَبْعَةِ أَحْرُفٍ فَاقْرَءُوا اللهِ عَلَي سَمِعْتُهُ مَوْتُهُ اللهُ عَلَيْ سَبْعَةِ أَحْرُفٍ فَاقْرَءُوا اللهِ مَلَى اللهُ عَلَيه وَاللّهُ اللهُ عَلَى سَبْعَةٍ أَحْرُفٍ فَاقْرَءُوا مَا تَيَسَّرَ مِنْهُ " .

\_ صحيح : ق

#### বাংলা

১৪৭৫। 'উমার ইবনুল খান্তাব (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, আমি হিশাম ইবনু হাকীম ইবনু হিযামকে সূরাহ আল-ফুরকান আমার পড়ার নিয়মের ব্যতিক্রম পড়তে শুনেছি। অথচ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নিজে আমাকে তা পড়িয়েছেন। আমি তার উপর ঝাপিয়ে পড়তে চাইলাম। কিন্তু আমি তাকে পড়া শেষ করতে সুযোগ দিলাম। তার সালাত শেষ হলে আমি আমার চাদর দিয়ে তার গলা পেঁচিয়ে ধরে তাকে টেনে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে নিয়ে এসে বললাম, হে আল্লাহর রসূল! আমি তাকে সূরাহ আল-ফুরকান পড়তে শুনেছি আপনি আমাকে যেভাবে পড়িয়েছেন তার বিপরীতভাবে।



রাসুলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম তাকে বললেনঃ আচ্ছা পাঠ করো তো! তখন সে ঐরূপে পড়লো যেভাবে আমি তাকে পড়তে শুনেছি। রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ তা এভাবেই অবতীর্ণ হয়েছে। অতঃপর তিনি আমাকে বললেনঃ আচ্ছা তুমি পড়ো তো। তখন আমিও পাঠ করলাম। তিনি বললেনঃ এভাবেই অবতীর্ণ হয়েছে। অতঃপর তিনি বললেনঃ এ কুরআন সাত হরফে অবতীর্ণ হয়েছে। সুতরাং যেভাবে পড়তে সহজ হয় পড়ো।[1]

সহীহ: বুখারী ও মুসলিম।

### **English**

'Umar b. al-Khattab said:

I heard Hisham b. Hakim (b. Hizam) reciting Surah al-Furqan in a different manner from my way of reciting, and the Messenger of Allah (\*) had taught me to recite it. I nearly spoke sharply to him, but I delayed till he had finished. Then I caught his cloak at the neck, and I brought him to the Messenger of Allah (\*). I said: Messenger of Allah, I heard this man reciting Surah al-Furqan in a manner different from that in which you taught me to recite it. The Messenger of Allah (\*) the told him to recite it. He then recited in the manner I heard him recite. The Messenger of Allah (\*) said: Thus was it sent down. He then said to me: Recite, I recited (it). He then said: Thus was it sent down. He said: The Qur'an was sent down in seven modes of reading, so recite according to what comes most easily.

## ফুটনোট

[1] বুখারী (অধ্যায় : ফাযায়িলি কুরআন, অনুঃ কুরআন সাত হরফে নাযিল হয়েছে, হাঃ ৪৯৯২), মুসলিম (অধ্যায় : মুসাফিরের সালাত, অনুঃ কুরআন সাত হরফে নাযিল হয়েছে) ইবনু শিহাব হতে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ উমর ইবনুল খাত্তাব (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন